# ট্রান্সওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেন্ডার, সেপ্টেম্বর ২০২৪।

**১. প্রার্থনা :** "প্রভু যীশু, আপনার জন্য বেঁচে থাকার আমার সমস্ত নিরর্থক মানবিক প্রচেষ্টায় আমি ক্লান্ত। আমি আপনার মতো হতে অনেক চেষ্টা করেছি, কিন্তু আমি অসফল হয়েছি। তাই আমি হাল ছেড়ে দিয়েছি। আমি আপনার সেবা করার জন্য আমার সমস্ত মাংসিক প্রচেষ্টা থেকে বিরত হয়েছি। আমি নিবেদন করি যে আপনি আপনার আত্মা দিয়ে আমাকে পূর্ণ করুন আর আমার মাধ্যমে আপনার কার্য্য সাধন করুন। আপনাতে বিশ্রাম পাওয়ার এই বিশেষ অধিকারের জন্য আপনাকে ধন্যবাদ দিই!" (মথি ১১:২৮-৩০)

**২. প্রভুত্ব :** যীশুর প্রভুত্ব স্বীকার করা হচ্ছে বিশ্বাসের যাত্রাপথের একটি অংশ। সদাপ্রভুর প্রশংসা ও আরাধনা করা মঙ্গলজনক কারণ তিনি অনন্তকালস্থায়ী এবং সমস্ত কিছু তাঁর হস্তগত। এমন কি কঠিন সময়েও সমস্ত কতৃত্ব ও শক্তি তাঁর হাতেই আছে। (গীতসংহিতা ১১৭)

**৩. সংবেদনশীলতা :** জীবনের সমস্যা ও পরিস্থিতি কোনো ব্যক্তির হৃদয়কে এতটাই কঠিন করে তুলতে পারে যে সে বুঝতেও পারে না যে সে অন্যের ক্ষতি করছে। আসুন প্রার্থনা করি যেন সদাপ্রভু আমাদের হৃদয়ের তদন্ত ও পরীক্ষা করেন, যা পাপের জন্য অনুতাপ ও পাপ স্বীকারের দিকে আমাদেরকে চালিত করে। (গীতসংহিতা ১৩৯:২৩-২৪)

**৪. পুনঃস্থাপন :** আধুনিক সমাজে সম্পর্কের বিষয়, বিশেষ করে পরিবারগুলোতে অবিশ্বাস্য অসুবিধার সম্মুখীন হচ্ছে। প্রভু, বিবাহিত জীবনে এবং পরিবারের মধ্যে ভারসাম্যের জন্য প্রার্থনা করি। আমাদের এমন পুরুষে পরিণত করুন যারা আত্মিক ও মানসিক নিরাময় এবং গৃহের মধ্যে সম্প্রীতির জন্য ক্রন্দন করছে। (যিহিষ্কেল ২২:৩০)

**৫. শাসনকর্তা :** প্রভু, খ্রীষ্টবিশ্বাসী পুরুষ হিসাবে আমরা পৌর, রাজ্য বা জাতীয় স্তরে সমস্ত কতৃপক্ষের জন্য বিনতি করি। সমস্ত ক্ষেত্রে, তাঁরা যেন আপনাকে ন্যায়বিচার ও ন্যায্যতা সহকারে শাসনকারী প্রভুদের প্রভু বলে স্বীকার করেন। (১ তীমথিয় ২:১-৫)

**৬. মণ্ডলী :** প্রভু যীশু, মণ্ডলীগুলির জন্য আপনার নামের প্রশংসা করি। আমরা প্রার্থনা করি যেন পবিত্র আত্মা আপনার লোকদের একটি স্পষ্ট ও বিশ্বাসযোগ্য সাক্ষ্যের জন্য শক্তিশালী করে তুলবে, বিশ্বাস অটুট থাকবে, আপনার লোকেরা যেন তাদের পারিপার্শ্বিক অবস্থাকে প্রভাবিত করে। (প্রেরিত ৪:২৯-৩১)

**৭. কৃতজ্ঞতা :** আসুন প্রার্থনা করি যেন বড় হোক কী ছোট তাঁদের সম্পত্তির প্রশাসনে পুরুষদের প্রজ্ঞা ও বিচক্ষণতা থাকে। প্রভু এমন ভাবে তাঁদের প্রত্যেককে সক্ষম করে তুলুন যাতে তাঁদের পরিবারের জন্য তাঁরা প্রয়োজনীয় ভরণপোষণ প্রদান করতে পারেন। (১ তীমথিয় ৫:৮)

**৪. ঈশ্বরের কার্য্য :** "হে প্রভু যীশু, আপনার বাক্যই আমাকে বলে যে আমার জন্য আপনি কী করেছেন, আর আপনার আত্মা আমাকে দেখিয়ে দেন আপনি আমার মাধ্যমে কী সম্পন্ন করতে চান। আপনার উপর নির্ভর করতে এবং আপনার অনুগত হতে দিন, যাতে আপনি আপনার উদ্দেশ্য আমার মাধ্যমে সম্পন্ন করতে পারেন।" (ফিলিপীয় ১:৬)

**৯. প্রধান শিক্ষক :** "হে প্রভু, আপনাকে ধন্যবাদ দিই যে নিজের বোঝার জন্য আপনি আমার উপরে সব কিছু ছেড়ে দেননি। আমি যাতে সবকিছু বুঝতে পারি সেই জন্য আপনি আপনার আত্মাকে আমাকে প্রদান করেছেন। আমাকে আপনার চালনা বুঝতে আর আপনার বাক্য শ্রবণ করতে দিন। সমস্ত সত্যে আমাকে চালিয়ে নিয়ে যান। আমাকে আপনার ঐশ্বরিক প্রকৃতির অংশীদার হতে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ দিই। (মথি ৫:১-২)

**১০. সত্য ধার্মিকতা :** "প্রভু যীশু, আমি কত কৃতজ্ঞ যে আমাকে আপনার ধার্মিকতার চেষ্টা এবং অনুকরণ করতে হবে না কারণ তাহলে আমি খুব খারাপ ভাবে ব্যর্থ হবো। বরং, আপনি আপনার আত্মা দিয়ে আমাকে পূর্ণ করুন আর আমার মধ্যে দিয়ে আপনার ধার্মিক চরিত্র সৃষ্টি করুন। ধার্মিকতার পথে চলতে আমাকে শক্তি দিন। আপনার ধার্মিকতায় আমাকে পূর্ণ করুন!" (মথি ৫:৬)

**১১. জেগে ওঠার সময় :** "হে ঈশ্বর, আমি একটা ঘোরের মধ্যে ছিলাম, আপনার উদ্দেশ্য সম্বন্ধে অজ্ঞ, খ্রীষ্টে আপনি আমার জন্য কী করেছেন সেই বিষয়ে বিস্মৃত। যখন আমার জীবনের নতুনত্বে চলা উচিত ছিল তখন আমি আমার দেহের মৃত্যুজনক কার্য্যে স্থির হয়ে ছিলাম। আমাকে জাগিয়ে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ দিই। আমার জীবনে আলো জ্বালিয়ে দিন। আপনার আলোতে আমাকে চলাচল করতে দিন।" (ইফিষীয় ৫:১৪)

**১২. কারণ ও প্রভাব :** "হে ঈশ্বর, আপনার অনুগ্রহ সত্যি করেই আশ্চর্য্যজনক! প্রথমে আপনি খ্রীষ্টকে আমাকে দিয়েছেন। আমার জীবনধারণ করার জন্য আপনি আমাকে ক্ষমতার অধিকারী করছেন। আমার জীবনের উপর আপনাকে পুরো নিয়ন্ত্রণ করতে এবং আপনার আত্মা দ্বারা আমাকে পূর্ণ করতে অনুরোধ করি। আপনি যা চান সেটা আমাকেও চাইতে দিন। আমার মধ্যে আপনার কাজ সম্পন্ন করার জন্য আপনাকে ধন্যবাদ দিই!" (ফিলিপীয় ২:১৩)

**১৩. ত্রুটির অন্বেষণ না করা :** ঈশ্বর যে আমাদের জীবনে ত্রুটির অন্বেষণ করছেন না তার জন্য ধন্যবাদ দিই কিন্তু তিনি সেই পাপীদের অন্বেষণ করছেন যারা নিজেদের নম্র করতে, অনুতাপ করতে এবং যীশুকে তাদের প্রভু ও পরিত্রাতা করে তাদের জীবনে আহবান করতে চাইছেন। (যোহন ১:১২)

**১৪. অংশগ্রহণ :** আপনি কি সক্রিয়ভাবে সেই মহান আজ্ঞা পূরণে অংশ নিচ্ছেন? যদি না করেন, প্রার্থনা করুন যেন ঈশ্বর আপনাকে সাহায্য করেন যাতে তাঁর রাজ্য স্থাপন করার পরিচর্য্যাকার্য্যে আপনি সক্রিয় অংশ হতে পারেন। প্রার্থনা করুন, যিশাইয়ের মতো আপনিও যেন তাঁর রব শোনার জন্য প্রস্তুত হতে পারেন। (যিশাইয় ৬:৮)

**১৫. প্রেম ও সহানুভূতি :** আপনাকে আর অন্য পাপীদের উদ্ধার করতে খ্রীষ্ট তাঁর জীবন দিয়েছেন। সমস্ত মানবজাতির জন্য তাঁর প্রেম আর সহানুভূতির জন্য আর আপনার মাধ্যমে অন্যদের প্রেম করার জন্য তাঁকে ধন্যবাদ দিই। (রোমীয় ৫:৮)

**১৬. একজন উত্তম ব্যবস্থাপক :** একদিন যীশু আপনাকে প্রশ্ন করবেন যে এই পৃথিবীতে আপনার জীবনে তিনি আপনাকে যে সম্পদ দিয়েছেন সেটা আপনি কী ভাবে ব্যবহার করেছেন। প্রার্থনা করুন যে আপনাকে ঈশ্বর অনন্তকালীন মূল্যবোধগুলোকে প্রথমে স্থান দেওয়ার ক্ষমতা দান করুন এবং তাঁর বিভিন্ন অধিকারগুলোর একজন উত্তম ব্যবস্থাপক হতে দিয়েছেন। (মথি ৬:২১)

**১৭. পরীক্ষায় আনন্দ :** 'হে আমার ভ্রাতৃগণ, তোমরা যখন নানাবিধ পরীক্ষায় পড়, তখন তাহা সর্ব্বতোভাবে আনন্দের বিষয় জ্ঞান করিও' (যাকোব ১:২)। কি ভাবে? পরীক্ষায় পড়লে আনন্দ করা তো মানুষের প্রকৃতির বিপরীত! - এটাই আসল কথা! তখন আমরা যেন ঈশ্বরের আত্মা দ্বারা নূতন জন্ম লাভ করি। তখন আমরা বুঝতে পারি যে আমাদের স্বতন্ত্র আত্মা থেকে আমাদের আমাদের স্বাধীন করতে এবং তাঁর কাছে আমাদের আকর্ষণ করতে আমাদের জন্য ঈশ্বর কঠিনতা ব্যবহার করেন।

**১৮. ধন্য যারা সহ্য করে :** 'ধন্য সেই ব্যক্তি, যে পরীক্ষা সহ্য করে; কারণ পরীক্ষাসিদ্ধ হইলে পর সে জীবনমুকুট প্রাপ্ত হইবে' (যাকোব ১:১২)। "একটা সুড়ঙ্গের মধ্যে দিয়ে যাওয়ার সময়ে ট্রেন থেকে লাফিও না।" অগ্নি যেমন স্বর্ণকে পরিশুদ্ধ করে, তেমনই গুপ্ত দোষ প্রকাশ করতে এবং পরিষ্কার করতে ঈশ্বর সমস্যাকে ব্যবহার করেন। অন্ধকারের মধ্যেও ঈশ্বরের উপর আস্থা রাখুন।

**১৯. পরীক্ষার উৎস :** অজুহাত দিয়ে জীবনযাপন করবেন না। নম্র হন আর আপনার কাজের জন্য দায় স্বীকার করুন। 'কিন্তু প্রত্যেক ব্যক্তি নিজ কামনা দ্বারা আকর্ষিত ও প্ররোচিত হইয়া পরীক্ষিত হয়।' (যাকোব ১:১৪)। আপনার অভিপ্রায় পরখ করে দেখার জন্য প্রস্তুত হন এবং আপনার ইচ্ছা প্রভুতে সমর্পণ করুন।

**২০. যৌন বিকৃতি :** 'সমস্ত উত্তম দান এবং সমস্ত সিদ্ধ বর উপর হইতে আইসে, জ্যোতির্গণের সেই পিতা হইতে নামিয়া আইসে।' (যাকোব ১:১৭)। আমাদের যৌনতা হচ্ছে ঈশ্বরের একটি দান এবং বিবাহিত জীবনের অনন্তকালীন বন্ধনের অভিব্যক্তি (আদিপুস্তক ২:২৪)। সতর্ক হন! আজ জগৎ যে সমস্ত বিকল্প আমাদের সামনে তুলে ধরছে, সেগুলো ঈশ্বরের পরিকল্পনার বিকৃতি ছাড়া আর কিছুই নয়।

**২১. শ্রবণে সত্বর :** 'তোমাদের প্রত্যেক জন শ্রবণে সত্বর, কথনে ধীর, ক্রোধে ধীর হউক।' (যাকোব ১:১৯-২০)। আপনি কি এমন একজন পুরুষ মানুষ যিনি সহজে রেগে ওঠেন? প্রভুর কাছে যাচ্ঞা করুন যেন তিনি পবিত্র আত্মার ফল ইন্দ্রিয়দমন আপনার মধ্যে প্রকাশ করেন। চ্যালেঞ্জ গ্রহণ করুন আর ভালোভাবে অবহিত হন, বিকল্পগুলি মেপে দেখুন, বিচক্ষণতার সাথে কথা বলুন এবং আপনার ক্রোধকে নিয়ন্ত্রণের মধ্যে রাখুন।

**২২. প্রকৃত জ্ঞান :** 'কিন্তু যে জ্ঞান উপর হইতে আইসে, তাহা প্রথমে শুচি, পরে শান্তিপ্রিয়, ক্ষান্ত, সহজে অনুনীত, দয়া ও উত্তম উত্তম ফলে পরিপূর্ণ, ভেদাভেদবিহীন ও নিষ্কপট।' (যাকোব ৩:১৭)। সত্যি কথা বলতে কি, আমাদের পরিবারে, মণ্ডলীতে, এবং সমাজে এমন পুরুষ মানুষের জরুরী প্রয়োজন আছে যাঁদের এই প্রকার জ্ঞান আছে। কথাটি মুখস্থ করুন আর প্রকৃত জ্ঞানবান পুরুষ হন।

**২৩. চরিত্র গঠন :** আমাদের কী আছে তা নয়, আমরা কী করি বা জানি তা নয়, কিন্তু আমরা কে সেটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। সুতরাং: 'তোমরা জাগিয়া থাক, বিশ্বাসে দাঁড়াইয়া থাক, বীরত্ব দেখাও, বলবান্ হও। তোমাদের সকল কার্য্য প্রেমে হউক।' (১ করিন্থীয় ১৬:১৩-১৪)। প্রার্থনা করুন যেন আপনার ব্যবহার এবং সম্পর্কগুলির দ্বারা খ্রীষ্টের চরিত্র যেন আপনার মধ্যে দিয়ে প্রতিফলিত হতে পারে।

**২৪. অবসন্ন হবেন না :** 'সঙ্কটের দিনে যদি অবসন্ন হও, তবে তোমার শক্তি সঙ্কুচিত।' (হিতোপদেশ ২৪:১০)। সঙ্কটকে এড়ানো যায় না। আমরা কীভাবে জীবনের অপ্রত্যাশিত ও কঠিন মুহূর্তগুলির মোকাবিলা করতে পারি সেটাই এর ফলাফল নির্ধারণ করে। যাই পরিস্থিতি হোক না কেন, ঈশ্বরের দৃষ্টিভঙ্গির জন্য প্রার্থনা করুন। আপনার দুর্বলতায় তাঁর শক্তিকে বাস্তব করে তুলতে তাঁর উপরে নির্ভর করুন। তাহলে আপনি অবসন্ন হবেন না।

**২৪. উত্তম সংস্কৃতি :** 'কিন্তু তোমরা "মনোনীত বংশ, রাজকীয় যাজকবর্গ, পবিত্র জাতি, [ঈশ্বরের] নিজস্ব প্রজাবৃন্দ"'। (১পিতর ২:৯)। যে কেউ যীশুকে বিশ্বাসে গ্রহণ করে, তার নূতন জন্ম হয় আর তারা ঈশ্বরের সন্তান হয়। (যোহন ১:১২)। এই সমস্ত মানবজাতি, বর্ণ ও রাষ্ট্রের পুরুষ, নারী ও শিশুরা ঈশ্বরের পরিবারের অন্তর্ভুক্ত এবং তারা একটি উত্তম সংস্কৃতি গঠন করে তোলে!

**২৫. মনোভাব :** 'খ্রীষ্ট যীশুতে যে ভাব ছিল, তাহা তোমাদিগেতেও হউক।' (ফিলিপীয় ২:৫)। এই জগতের আধিপতিরা যারা তাদের লোকদের উপর প্রভুত্ব করে তার বিপরীত, পরিচারকের কতৃত্ব কী সেটা খ্রীষ্ট তাঁর শিষ্যদের কাছে প্রদর্শন করেছিলেন। নিজের প্রতি সৎ হন। পবিত্র আত্মাকে আপনার হৃদয়ের মনোভাব প্রকাশ করবার জন্য প্রার্থনা করুন। খ্রীষ্টকে আপনার জীবনের উপর কতৃত্ব করতে দিন।

**২৬. পবিত্র জীবনযাপন :** 'কিন্তু যিনি তোমাদিগকে আহ্বান করিয়াছেন, সেই পবিত্রতমের ন্যায় আপনারাও সমস্ত আচার ব্যবহারে পবিত্র হও' (১ পিতর ১:১৫)। ঈশ্বরের আত্মার দ্বারা যখন

আপনার যখন নূতন জন্ম হয়েছিল, তখন আপনি একটি নূতন চরিত্র প্রাপ্ত হয়েছিলেন। (গালাতীয় ২:২০)। এখন আপনাকে ঈশ্বরের জন্য জীবনযাপন করতে আহবান করা হয়েছে - যা হচ্ছে পবিত্র জীবনযাপন। প্রার্থনা করুন যেন, খ্রীষ্ট যিনি এখন আপনার মধ্যে বাস করেন, তাঁকে আপনার বাক্য ও কার্য্য দ্বারা আপনার পরিবারে এবং বন্ধুমহলে প্রতিফলিত করতে পারেন।

**২৭. সহানুভূতিশীল** :'তদ্রূপ, হে স্বামিগণ, স্ত্রীলোক অপেক্ষাকৃত দুর্ব্বল পাত্র বলিয়া তাহাদের সহিত জ্ঞানপূর্ব্বক বাস কর।' (১ পিতর ৩:৭)। কতৃত্বব্যাঞ্জক এবং স্বার্থচিন্তাকারী না হয়ে, খ্রীষ্টিয় স্বামীদের আহবান করা হয়েছে যেন তাঁরা তাঁদের স্ত্রীদের সাথে মর্যাদা এবং সম্মানের সাথে ব্যবহার করেন। আমরা যখন আমাদের সন্তানদের মাকে ভালোবাসি এবং তাঁর যত্ন নিই, তখন সেটা তাদের জন্য আমাদের দেওয়া সবচেয়ে ভালো উপহার হয়।

**২৮. তাহাদের পক্ষে সকলই :** 'আর আমরা জানি, যাহারা ঈশ্বরকে প্রেম করে, যাহারা তাঁহার সঙ্কল্প অনুসারে আহূত, তাহাদের পক্ষে সকলই মঙ্গলার্থে একসঙ্গে কার্য্য করিতেছে।' (রোমীয় ৮:২৮)। ঈশ্বরের আশীর্বাদ অনেক সময়ে আমাদের দৃষ্টির বাইরে থাকে। অনেক সময়ে, যখন তিনি আমাদের চরিত্র গঠন করেন, তিনি আমাদের জীবনে দুঃখ কষ্ট নিয়ে আসেন। তাঁর সঙ্কল্প সর্বদা আমাদের জন্য মঙ্গলের সঙ্কল্প, আমাদের ক্ষতি করার জন্য নয় (যিরমিয় ২৯:১১)। সুতরাং, যাই হোক না কেন, তাঁর উপর নির্ভর করুন।

**২৯. যুদ্ধের জনরব :** 'আর তোমরা যুদ্ধের কথা ও যুদ্ধের জনরব শুনিবে; দেখিও, ব্যাকুল হইও না; কেননা এ সকল অবশ্যই ঘটিবে, কিন্তু তখনও শেষ নয়।' (মথি ২৪:৬)। এই জগতে উত্তেজনা এবং সশস্ত্র সঙঘর্ষ হচ্ছে খ্রীষ্টের আসন্ন প্রত্যাবর্তনের চিহ্ন। সুতরাং, লক্ষ্য রাখুন যেন তাঁর আগমনে আপনি প্রস্তুত এবং বিশ্বস্ত হয়ে থাকতে পারেন।

**৩০. শেষ পর্য্যন্ত স্থির :** 'আর অধর্ম্মের বৃদ্ধি হওয়াতে অধিকাংশ লোকের প্রেম শীতল হইয়া যাইবে। কিন্তু যে কেহ শেষ পর্য্যন্ত স্থির থাকিবে, সেই পরিত্রাণ পাইবে।' (মথি ২৪:১৩)। আমাদের এই জগতে প্রকৃত সংগ্রাম সম্পূর্ণ ভাবে আত্মিক। মন্দ শক্তি মানবতাকে দুষ্টতা, মন্দতা এবং মিথ্যা মতাদর্শ দ্বারা অভিভূত করে তুলছে। সতর্ক হন! ঈশ্বরের প্রতিজ্ঞার উপরে দৃঢ় ভাবে নিজেকে প্রতিষ্ঠিত করুন।